# জাতীয় বিশ্ববিদ্যালয়

গাজীপুর-১৭০৪

স্মারক নং: ১০(২২৬)জাতী:বি:/রেজি:/অ্যাকা:/২০২৫/৩০৮৭ তারিখ: ২০/০১/২০২৫

## ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি বিজ্ঞপ্তি

ভর্তি বিষয়ক ওয়েবসাইট: **(www.nu.ac.bd/admissions)**

**আবেদনের তারিখ: ২১ জানুয়ারি ২০২৫ থেকে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ পর্যন্ত**

**ভর্তি পরীক্ষা: ০৩ মে ২০২৫, শনিবার**

**সময়: সকাল ১১টা থেকে দুপুর ১২টা পর্যন্ত**

[পরীক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্রসহ সকাল ১০:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্রে উল্লিখিত কলেজ কেন্দ্রে উপস্থিত হয়ে নির্ধারিত আসন গ্রহণ করতে হবে।]

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত স্নাতক (সম্মান) শ্রেণিতে পাঠদানকারী কলেজসমূহে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে অনলাইন প্রাথমিক আবেদন ২১ জানুয়ারি বিকাল ৪টা থেকে শুরু হয়ে ২৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখ রাত ১২টা পর্যন্ত চলবে। আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে এবং প্রাথমিক আবেদন ফি বাবদ ৭০০/- (সাতশত) টাকা আবেদনকৃত কলেজে (কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে অথবা সরাসরি) ০২ মার্চ ২০২৫ তারিখের মধ্যে অবশ্যই জমা দিতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির অনলাইন ভর্তি কার্যক্রমে প্রাথমিক আবেদন ফরম পূরণের শর্তসমূহ ও ভর্তি সংক্রান্ত নির্দেশিকা জানতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **(www.nu.ac.bd/admissions)** **Honours** অপশনে গিয়ে **Honours Admission Guideline** লিংকে ক্লিক করতে হবে। আবেদনকারীকে অবশ্যই ভর্তি নির্দেশিকায় বিবৃত সকল শর্ত মেনে অনলাইন আবেদন ফরম পূরণ করতে হবে।

২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি কার্যক্রমে উচ্চ মাধ্যমিক পর্যায়ে বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার শিক্ষার্থীদের জন্য আলাদাভাবে ১০০ নম্বরের **MCQ** পদ্ধতিতে ভর্তি পরীক্ষা গ্রহণ করা হবে। **MCQ** পদ্ধতিতে ১০০ নম্বরের ভর্তি পরীক্ষায় ১০০টি প্রশ্নের উত্তর ০১ (এক) ঘন্টা সময়ের মধ্যে দিতে হবে। ভর্তি পরীক্ষায় প্রাপ্ত নম্বরের সঙ্গে শিক্ষার্থীদের **SSC** পরীক্ষায় প্রাপ্ত **GPA** এর ৪০% ও **HSC** পরীক্ষায় প্রাপ্ত **GPA** এর ৬০% যোগ করে সর্বমোট ২০০ নম্বরের মধ্যে মেধা তালিকা প্রস্তুত করা হবে। পরবর্তীতে প্রতিটি কলেজের জন্য আলাদাভাবে বিষয়ভিত্তিক মেধা তালিকা প্রণয়ন করে শিক্ষার্থীদের বিষয় বরাদ্দ দেয়া হবে।

কলেজ কর্তৃক প্রাথমিক আবেদন নিশ্চয়নকৃত শিক্ষার্থীদের ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ভর্তি বিষয়ক ওয়েবসাইটের **Applicant Login** অপশন থেকে ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (**Admit Card**) ডাউনলোড করে প্রিন্ট নিতে হবে। উল্লেখ্য যে, শিক্ষার্থীর প্রবেশপত্রে (**Admit Card**) ভর্তি পরীক্ষার রোল নম্বর ও পরীক্ষা কেন্দ্রের নাম উল্লেখ থাকবে। শিক্ষার্থীকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র ও **HSC** পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড নিয়ে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে। পরীক্ষার্থী প্রয়োজনে সাইন্টিফিক ক্যালকুলেটর ব্যবহার করতে পারবে তবে মোবাইল ফোন ও অন্যান্য ইলেকট্রনিক্স ডিভাইস সঙ্গে আনতে পারবে না।

### ১। প্রাথমিক আবেদনের ন্যূনতম যোগ্যতা

ক) বাংলাদেশে স্বীকৃত সকল শিক্ষা বোর্ড ও উন্মুক্ত বিশ্ববিদ্যালয় থেকে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ে মানবিক/বিজ্ঞান/ব্যবসায় শিক্ষা শাখায় উত্তীর্ণ শিক্ষার্থীদের ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে আবেদনের ন্যূনতম যোগ্যতা

| ক্রমিক | উচ্চ মাধ্যমিক পর্যায়ে পঠিত শাখা | ২০২১/২০২২ সালের এসএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | ২০২৩/২০২৪ সালের এইচএসসি/সমমান পরীক্ষায় ন্যূনতম জিপিএ (৪র্থ বিষয়সহ) | উভয় পরীক্ষা মিলে প্রাপ্ত ন্যূনতম জিপিএ |
|---|---|---|---|---|
| i) | মানবিক শাখা ও ব্যবসায় শিক্ষা শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (বিজনেস্ ম্যানেজমেন্ট) ও ডিপ্লোমা-ইন-কমার্স শাখা | ২.৫ | ২.৫ | ৫.৫ |
| ii) | বিজ্ঞান শাখা ও বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড থেকে HSC (ভোকেশনাল) শাখা | ২.৭৫ | ২.৫ | ৬.০ |

খ) ২০২১/২০২২ সালের **O-Level** পরীক্ষায় তিনটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত চারটি বিষয়ে উত্তীর্ণ এবং ২০২৩/২০২৪ সালের **A-Level** পরীক্ষায় একটি বিষয়ে 'বি' গ্রেডসহ অন্তত দুইটি বিষয়ে উত্তীর্ণ শিক্ষার্থীরা এ ভর্তি কার্যক্রমে অন্যান্য শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর **O-Level** ও **A-Level** পরীক্ষার ট্রান্সক্রিপ্ট ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে এ সকল আবেদনকারীকে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাথমিক আবেদন ফি [৭০০/- (সাতশত)] জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায় জমা দিতে হবে। এ সকল আবেদনকারীকে ভর্তি পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে এবং ভর্তি পরীক্ষার নির্ধারিত তারিখের সাত দিন পূর্বে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে অবশ্যই ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (**Admit Card**) সংগ্রহ করতে হবে।

গ) বিদেশী সার্টিফিকেটধারী শিক্ষার্থীদের ক্ষেত্রে বাংলাদেশে স্বীকৃত যে কোন শিক্ষা বোর্ড কর্তৃক তাদের অর্জিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক পর্যায়ের নম্বর পত্রের সমতা নিরূপণ করা হলে তারাও এ ভর্তি কার্যক্রমে অন্যান্য সকল শর্তপূরণ সাপেক্ষে আবেদন করতে পারবে। এ সকল শিক্ষার্থী অনলাইনে আবেদন না করে নির্ধারিত সময়ের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় বরাবর সরাসরি/ই-মেইল এ্যাড্রেসে (adm.hons@nu.ac.bd) আবেদন পত্র প্রেরণ করবে। সাদা কাগজে লিখিত আবেদন পত্রে আবেদনকারীর নাম, পিতা-মাতার নাম, ভর্তিচ্ছু বিষয়, প্রতিষ্ঠানের নাম ও নিবন্ধিত ব্যক্তিগত মোবাইল নম্বর উল্লেখ করতে হবে। উল্লেখ্য যে, ভর্তিচ্ছু বিষয়টি সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে অধিভুক্ত থাকতে হবে। এছাড়া আবেদন পত্রের সঙ্গে আবেদনকারীর সকল পরীক্ষার ট্রান্সক্রিপ্ট, শিক্ষা বোর্ড কর্তৃক সমতা নিরুপনের কপি ও পাসপোর্ট সাইজের দুই কপি সত্যায়িত ছবি সংযুক্ত করতে হবে। ভর্তি যোগ্যতার শর্ত পূরণ সাপেক্ষে এ সকল আবেদনকারীকে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ তারিখের মধ্যে ডিন, স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল, জাতীয় বিশ্ববিদ্যালয় থেকে প্রাথমিক আবেদন ফি [৭০০/- (সাতশত)] জমাদানের রশিদ সংগ্রহ করে সোনালী ব্যাংক শাখায়